



বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
www.bcc.gov.bd
আগারগাঁও, ঢাকা (জনপ্রশাসন পদক প্রাপ্ত একটি
প্রতিষ্ঠান)

পরিচালক
প্রশিক্ষণ, প্রশিক্ষণ ও প্রযুক্তি হস্তাঙ্ক

স্মারক নম্বর: ৫৬.০১.০০০০.০১৪.১৫.০০১.২৪.১২০

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: বিদ্যমান ই-মেইল সিস্টেম আপগ্রেডেশন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠান কর্মকর্তা/কর্মচারীদের জন্য দাপ্তরিক ডোমেইনের মাধ্যমে বিসিসি'র জাতীয় ডাটা সেন্টার কর্তৃক প্রদত্ত ই-মেইল সেবা (প্রতি ই-মেইল অ্যাকাউন্টে ৫ জিবি স্টোরেজ এবং ১০জিবি ক্লাউড ড্রাইভ স্টোরেজ) গ্রহণ করে আসছে। যুগোপযোগী ই-মেইল সেবা প্রদানের লক্ষ্যে বিসিসি Two Factor Authentication (2FA), Self Password Reset, Delegated Administrator ইত্যাদি সহ আরো উন্নত ফিচার সম্বলিত Zimbra Network Edition ক্রয় করেছে।

এফগে, বিসিসি সকল ই-মেইল অ্যাকাউন্টের ডাটা বিদ্যমান ই-মেইল সিস্টেম হতে Zimbra আপগ্রেড সংস্করণ সিস্টেমে স্থানান্তরের কার্যক্রম আগামী ২৮ নভেম্বর, ২০২৪ ইং তারিখ হতে শুরু করবে। Zimbra আপগ্রেড সংস্করণ সিস্টেমে Zimbra Open Drive জগশন বাদে বাকি সকল জগশন/তথ্য যেমন: ইনবক্স, সেন্ট আইটেম, পাসওয়ার্ড, সিগনেচার, ফিল্টার, ক্যালেন্ডার ইত্যাদি অপরিবর্তিত থাকবে। <https://drive.egovcloud.gov.bd> ওয়েবসাইটে ভিজিট করে Open Drive এ সংরক্ষিত ডকুমেন্ট এক্সেস করা যাবে। Zimbra আপগ্রেড সংস্করণে ডাটা সংরক্ষণের জন্য Open Drive এর সকল সুবিধা Briefcase ফিচারে সংযোজন করা হয়েছে। এছাড়া ই-মেইল সিস্টেমের লগ-ইন পেজেরও পরিবর্তন হবে।

এমতাবস্থায়, Zimbra Open Drive এর সকল গুরুত্বপূর্ণ ডাটা আগামী ২৮ নভেম্বর, ২০২৪ ইং তারিখের পূর্বে নিজ কম্পিউটারে ব্যাকআপ রেখে বিদ্যমান ই-মেইল সিস্টেম আপগ্রেড সংস্করণে স্থানান্তরের পরে <https://drive.egovcloud.gov.bd> ওয়েবসাইটের মাধ্যমে Open Drive এ সংরক্ষিত ডকুমেন্ট এক্সেস করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৬-১১-২০২৪

প্রকৌ. ফখর উদ্দিন আল হেলাল
ইনচার্জ, জাতীয় ডাটা সেন্টার

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, শিল্প মন্ত্রণালয়।
- ২। সিনিয়র সচিব, চেয়ারম্যান (আইপিএফ গভর্নিং কাউন্সিল) এর দপ্তর, ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ।
- ৩। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্বাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৪। চেয়ারম্যান (সিনিয়র সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি)।
- ৫। সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, প্রধান উপদেষ্টার কার্যালয়।
- ৬। সচিব (চলতি দায়িত্ব), সচিবের দপ্তর, আইন ও বিচার বিভাগ।
- ৭। সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৮। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।

পত্র নং- ২৬৬২
প্রাপ্তির তারিখ- ২৬/১১/২৪
বিভাগ/শাখা-
বিচারিউএম আরআই, দিনাজপুর।